প্রথম আলো

তারিখ 02 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 7

# বন্যাকবলিত প্রাথমিক বিদ্যালয়ে সুবিধামতো সময়ে পরীক্ষা

নিজস্ব প্রতিবেদক ●

বন্যা উপদ্রুত এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয় তাদের সুবিধামতো সময়ে দ্বিতীয় সাময়িক পরীক্ষা নিতে পারবে। এ ছাড়া ক্লাস বন্ধ হয়ে থাকলে সেগুলো পরে সুবিধামতো সময়ে নেওয়া হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক মো. আলমগীর গতকাল সোমবার *প্রথম আলোকে* এই তথ্য জানিয়ে বলেন, এ বিষয়ে গতকালই সংশ্লিষ্টদের বরাবর চিঠি দেওয়া হয়েছে।

প্রাথমিকের শিক্ষাপঞ্জি অনুযায়ী ৩ আগস্ট থেকে ১১ আগস্টের মধ্যে দ্বিতীয় সাময়িক পরীক্ষা নেওয়ার কথা। কিন্তু গত কয়েক দিনের বন্যায় দেশের বিভিন্ন এলাকার কয়েক শ শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ হয়ে গেছে।